

উপজেলা পর্যায়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ঃ

উপজেলা পর্যায়ে অবস্থিত উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউআরডিও) এর কার্যালয়ের মাধ্যমে যেসব সেবা ও সহযোগিতা প্রদান করা হয়ঃ

সমিতি/ দল(পুরুষ/মহিলা) গঠন, ঋণ গ্রহণে পরামর্শ প্রদান ও এতদসংক্রান্ত যাবতীয় তথ্য ফরম সরবরাহ;

সদস্যদের শেয়ার ও সঞ্চয় আমানত সংগ্রহের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনে সহায়তাকরণ;

সমিতির সদস্যগণকে সহজ শর্তে কৃষি উৎপাদন ও কৃষি উপকরণের জন্য (সার, বীজ, কীটনাশক এবং সেচ যন্ত্রপাতি)

ঋণ প্রদান, (ক) সোনালী ব্যাংকের মাধ্যমে কৃষি ঋণ ও (খ) আবর্তক কৃষি ঋণের ব্যবস্থা করা;

বিভিন্ন প্রকল্প/ কর্মসূচীর আওতায় অনানুষ্ঠিক দল গঠন এবং উৎপাদনমুখী ও আয়বৃদ্ধিমূলক কর্মকাল্ডের জন্য ঋণ প্রদান;

আনুষ্ঠানিক সমিতির নিবন্ধনের পরপরই এবং অনানুষ্ঠানিক দল গঠনের ৮ (আট) সপ্তাহ পর সদস্যদের ঋণ প্রদান করা হয়:

সমবায়ীদের উৎপাদিত শস্যের বাজারজাতকরণের সুযোগ সৃষ্টি এবং ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা;

নারীর ক্ষমতায়ন ও নারী নেতৃত্ব বিকাশে সচেতনতা বৃদ্ধি, নারী নির্যাতন রোধ এবং যৌতুক প্রথা নির্মূলে সচেতনতা

সৃষ্টিতে সহায়তা;

সদস্যদের বয়স্ক শিক্ষা স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা ইত্যাদি বিষয়ে পরামর্শ ও সেবা ;

বৃক্ষরোপন ও স্যানিটেশন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি কল্পে পরামর্শ ও সহযোগিতা;

অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নাম মাত্র সেবা মূল্যের বিনিময়ে ঋণ প্রদান;

গ্রামীণ দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সহযোগিতা প্রদান এবং গ্রামীণ নেতৃত্বের বিকাশ ও দেশের অর্থনৈতিক

উন্নয়নে দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ;

উপজেলা অফিসের কোন কর্মকর্তা/ কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ থাকলে উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তার নিকট

অফিসের উত্থাপন করা হলে তার প্রতিকার করা হবে;

উপজেলা বসবাসরত যে কোন ব্যক্তিকে সেবা সংক্রান্ত তথ্য প্রদানে ও অফিস প্রতিশ্রুতিবদ্ধ।

আজই আপন বি আর ডি বি'র উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তার সংগে যোগাযোগ করে আপনার অর্থনৈতিক ও সামাজিক অবস্থা পরিবর্তনের সুযোগ নিন।

বি আর ডি বি আপনাদের সেবায় নিয়োজিত।